| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৬.১ | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন জাটকা সংরক্ষন অভিযান চলছে। তার কিছু কিছু হাট বাজারে জাটকা বিক্রয় হচ্ছে মাঝে জানা যায় এ বিষয়ে তিনি ইউপি চেয়ারম্যান কে জাটকা দেখলে তা বর্জণ করার জন্য এবং মৎস্য দপ্তরে জাটকার সংবাদ দেয়ার জন্য অনুরোধ জানান। প্রশাসনের সহায়তা নিয়ে জাটকা অভিযান চলবে। | জাটকা সংরক্ষণ নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে | সহকারী কমিশনার (ভূমি), রাজবাড়ী সদর ও সিনিয়ার মৎস্য অফিসার রাজবাড়ী সদর ও অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা |
| ৬.২ | উপজেলা সমাজসেবা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, ২০২২-২৩ অর্থ বছরের ভাতা বিতরণ কার্যক্রম অব্যাহত আছে। বিকাশের মাধ্যমে প্রতারণা রোধের লক্ষ্যে আবেদন ফরমে কিছু পরিবর্তন আনা হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | - | উপজেলা সমাজসেবা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী |
| ৬.৩ | উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে,কয়েকদিন পূর্বে গৌরিপুর সরকারী বিদ্যালয়ে শিলিং ফ্যান চুরি হয়েছে। যে সকল স্কুলে দপ্তরী নেই সেখানে গ্রাম পুলিশ মোতায়েনের অনুরোধ জানান। তিনি বলেন প্রাথমিক বিদ্যালয় সমূহের জমির পরিমাপের জন্য পত্র পাওয়া গিয়েছে, জমি পরিমাপের জন্য সরকারী সার্ভেয়ারের সাহায্য প্রয়োজন বিধায় তিনি সহকারী কমিশনার (ভুমি) এর সহযোগিতা কামনা করেন। | প্রাথমিক বিদ্যালয়ের জমির পরিমাপের বিষয়ে সহকারী কমিশনার (ভুমি) রাজবাড়ী সদর, রাজবাড়ী বরাবর আবেদন করতে হবে | উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী |
| ৬.৪ | অধ্যক্ষ, ডাঃ আবুল হোসেন কলেজ, রাজবাড়ী এর প্রতিনিধি সভায় জানান যে,কলেজ গেট এলাকায় বহিরাগত উপস্থিতি এবং অনাকাঙ্খিত ঘটনা বন্ধে পুলিশী টহল বাড়ানোর জন্য অনুরোধ জানান। | পুলিশী টহল জোরদার করতে হবে। | অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা |
| ৬.৫ | জনাব নূর মোহাম্মদ ভুঁইয়া, চেয়ারম্যান, শহীদ ওহাবপুর ইউনিয়ন পরিষদ জানান যে, রুপপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে জমির জটিলতা দীর্ঘদিনের। স্কুলের সাথে বাড়ী করেছে একজন শিক্ষক সীমানা নিয়ে জটিলতা তৈরী হয়েছে বাউন্ডারী ওয়াল নির্মাণ কে কেন্দ্র করে দুই পক্ষের রেশারেশিকে কেন্দ্র করে ঝামেলায় থানায় মামলা হয়েছে। সরকারী সার্ভেয়ার দ্বারা জমি পরিমাপ করা একান্ত প্রয়োজন। | রুপপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে সার্ভেয়ারে মাধ্যমে জমি সীমানা নির্ধারনের ব্যবস্থা নিতে হবে | সহকারী কমিশনার (ভূমি), রাজবাড়ী সদর ও ইউপি চেয়ারম্যান |
| ৬.৬ | জনাব মোঃ আব্দুর রব, চেয়ারম্যান, চন্দনী ইউনিয়ন পরিষদ জানান যে,বাগমারা ধাওয়াপাড়া রাস্তায় বালুবাহী ট্রাক দ্রুত গতিতে চলাচল করছে। গতি রোধক স্পীড ব্রেকার স্থাপন করা প্রয়োজন। | পুলিশী টহল প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা |
| ৬.৭ | জনাব ওহিদুজ্জামান শেখ, চেয়ারম্যান, মূলঘর ইউনিয়ন পরিষদ জানান যে,গত কয়েকদিন আগে জেলা প্রশাসক মহোদয় ভগিরথপুর মাদ্রাসা পরিদর্শনে কালে হাজার হাজার একর জমির জলাবদ্ধতার কথা তুলে ধরা হয়। এছাড়াও ইউনিয়ন পরিষদ ভবন খুবই খারাপ অবস্থায় আছে। .এ দুটি বিষয়ে সভাপতি মহোদয়ের নিকট পুনরায় অনুরোধ জানান। | মূলঘর ইউনিয়ন পরিষদ ভবন নির্মানের বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে | সংশিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ৬.৮ | জনাব মোঃ রমজান আলী খাঁন, সভাপতি উপজেলা আওয়ামীলীগ সভায় জানান যে,কাজীবাধা সরকারী প্রাথমিক বিদ্যালয় সীমানা সংক্রান্ত জটিলতা নিরসনের করা প্রয়োজন। তিনি বেথুলিয়া আলহাজ খোন্দকার সামছুল হক সরকারি প্রাথমিক বিদ্যালয়, ও বেথুলিয়া বালিকা উচ্চ বিদ্যালয়ের ঘর সরিয়ে খেলাধুলার পরিবেশ তৈরীর জন্য মাঠ সম্পসারনের অনুরোধ জানান। | বিদ্যালয় পরিদর্শন করে ব্যবস্থা গ্রহণ করতে হবে | উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী ও উপজেলা মাধ্যমিক অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী |

০৮. সহকারী কমিশনার(ভুমি), রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, জনস্বার্থে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে। মূলঘর, সুলতানপুর, চন্দনী ইউনিয়নে অবৈধভাবে মাটি কাটা বন্ধ করা হয়েছে। সরকারী প্রাথমিক বিদ্যালয়ের জমির সীমানা নির্ধারণ সংক্রান্ত বিষয়ে আইনী ব্যবস্থা করা হবে।

০৯. অফিসার ইন চার্জ, রাজবাড়ী থানা জানান যে, রাজবাড়ী সদর উপজেলার কর্মরত সকল কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সর্বস্তরের জনসাধারণের সার্বিক সহযোগিতার কারণে বিচ্ছিন্ন ঘটনা ব্যতীত আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে আছে। মাদক সেবক ও বিক্রয়কারীদের তথ্য পাওয়া মাত্র অভিযান অব্যাহত আছে। আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে রাখতে সবাইকে সচেতন ও তৎপর থাকতে হবে। মাদক নিয়ন্ত্রণে আনতে সম্মিলিতভাবে সামাজিক প্রতিরোধ গড়ে তুলতে হবে। মটর সাইকেলের বিরুদ্ধে অভিযান অব্যাহত আছে। শেরেবাংলা স্কুলের পানির ট্যাংকের পাশে ও শ্রীপুর লজ্জাতুনেছা কামিল মাদ্রাসায় যথাসময়ে অভিযান পরিচালনা করা হবে।

